

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা ও দায়রা জজের কার্যালয়
রংপুর।

অফিস আদেশ :

নং : ১৪৩/ ২০২৩

তারিখ : ২৭/১১/২০২৩ খ্রিঃ।

রংপুর জজশীপের অধীনস্থ অনুলিপি বিভাগের অবসরপ্রাপ্ত তুলনা সহকারী জনাব মোঃ আমিনুর রহমান-এর পেনশন ও আনুতোষিক মঞ্জুরীর আবেদনের প্রেক্ষিতে তাহার সার্ভিস বহি, আনুষঙ্গিক কাগজপত্র এবং অত্রাদালতের হিসাবরক্ষক ও প্রশাসনিক কর্মকর্তার প্রতিবেদন দেখিলাম ও পর্যালোচনা করিলাম। উক্ত কর্মচারীর ই.এল.পি.সি. মোতাবেক তাহার সর্বশেষ মূল বেতন ১৮,৪৮০/-টাকা (শুধুমাত্র পেনশন নির্ধারণের জন্য)। তাহার মোট চাকুরীকাল ২৫(পঁচিশ) বৎসরের উর্ধ্বে হওয়ায় তিনি বিধি মোতাবেক মূল বেতনের ৯০% এর অর্ধাংশ পেনশন হিসাবে এবং বাকী অর্ধাংশ আনুতোষিক হিসাবে পাইতে অধিকারী।

এমতাবস্থায়, অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ, প্রবিধি অনুবিভাগ, প্রবিধি-১ শাখা এর গত ১৪/১০/২০১৫ খ্রিঃ তারিখের ০৭.০০.০০০০. ১৭১.১৩. ০০৬.১৫-৮১ নং স্মারক মোতাবেক তাহার ১৮,৪৮০/- (আঠারো হাজার চারশত আশি) টাকা মূল বেতনের ৯০% হারে মোট অবসর ভাতার পরিমাণ দাঁড়ায় ১৬,৬৩২/- টাকা। তাহাকে উক্ত মোট অবসর ভাতার অর্ধাংশ ৮,৩১৬/- টাকা এর প্রতি ১/- টাকার বিনিময়ে ২৩০/-টাকা হারে আনুতোষিক হিসাবে ১৯,১২,৬৮০/- (উনিশ লক্ষ বার হাজার ছয়শত আশি) টাকা এবং বাকী অর্ধাংশ মাসিক অবসর ভাতা হিসাবে ৮,৩১৬/- (আট হাজার তিনশত ষোল টাকা) টাকা নির্ধারণ হয়।

উল্লেখ্য, বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক এর কার্যালয়, রংপুর এর গত ২৫/০৬/২০২২ খ্রিঃ তারিখের ইস্যুকৃত ইএলপি সি পর্যালোচনায় দেখা যায় যে, উক্ত কর্মচারীর গৃহ নির্মাণ ঋণ বাবদ আসল ১,২০,০০০/-, গৃহীত অগ্রিমের সুদ বাবদ ৬৬,৫৫০/- ও সড়ল সুদ ১৩,২০০/- টাকা সর্বমোট = ১,৯৯,৭৫০/- (একলক্ষ নিরানব্বই হাজার সাতশত পঞ্চাশ) টাকা সরকারী পাওনা আছে। উক্ত কর্মচারীর আনুতোষিক হইতে সরকারী পাওনা সর্বমোট=১,৯৯,৭৫০/- (একলক্ষ নিরানব্বই হাজার সাতশত পঞ্চাশ) টাকা কর্তনপূর্বক (১৯,১২,৬৮০- -১,৯৯,৭৫০)= ১৭,১২,৯৩০/- (সতের লক্ষ বার হাজার নয়শত ত্রিশ) টাকা আনুতোষিক হিসাবে এবং ৮,৩১৬/- (আট হাজার তিনশত ষোল) টাকা মাসিক অবসর ভাতা হিসাবে উত্তোলনের নিমিত্ত মঞ্জুরী প্রদান করা করা হইল।

সংশ্লিষ্ট সকলকে অবহিত করা হউক।

স্বাক্ষরিত
(মোঃ শহীদুল ইসলাম)
সিনিয়র জেলা ও দায়রা জজ
রংপুর।

স্মারক নং : জেঃজেঃরং-৩২৯(০৬)/২০২৩

তারিখ : ২৭/১১/২০২২ খ্রিঃ।

- ১। বিজ্ঞ ভারপ্রাপ্ত জজ, অনুলিপি বিভাগ/হিসাব বিভাগ, জেলা জজ আদালত, রংপুর।
- ২। বিজ্ঞ বিচারক, (যুগ্ম জেলা জজ), ল্যান্ড সার্ভে ট্রাইব্যুনাল, রংপুর ও চেয়ারম্যান, জেলা আদালত বাতায়ন হালনাগাদকরণ কমিটি, রংপুর।
- ৩। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, রংপুর। (ছবি সংযুক্ত পূরণকৃত পেনশন পেপার ০১টি, চাকুরী খতিয়ান বহি ০১টি এবং আনুষঙ্গিক কাগজপত্র ১৩ ফর্দ।
- ৪। জনাব মোঃ আমিনুর রহমান, তুলনা সহকারী (অবসরপ্রাপ্ত), অনুলিপি বিভাগ, জেলা জজ আদালত, রংপুর।
- ৫। আদেশ বহি/অফিস ফাইল।

(মোঃ শহীদুল ইসলাম)
সিনিয়র জেলা ও দায়রা জজ
রংপুর।

২৭/১১/২০২৩